দুরভাষ : ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স : ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা

## মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা

## কোলকাতা : ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং - তারিখঃ

# সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ০৪ সময়ঃ বেলা ২ টা

তাং - ২৯।০৯।২০১৫ স্থানঃ পৌরসভা সভা কক্ষ

আলোচ্য বিষয়ঃ

(১) বিগত সভার (৩ নং) কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন সংক্রান্ত।
(২) পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৫) কর্মচারীদের বোনাস, অনুদান ও অগ্রিম সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৬) কমার্শিয়াল বিল্ডিং প্ল্যান অনুমোদন বিষয়ক।
(৭) বিবিধ।

উপস্থিতিঃ

* পৌরপ্রধানঃ শ্রী রথীন ঘোষ
* উপ পৌরপ্রধানঃ শ্রী সুদীপ মিত্র

অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ

* শ্রীমতী ফরিদা বিবি
* শ্রী নিমাই চন্দ্র ঘোষ
* মহঃ জুম্মান আলী
* শ্রীমতী মমতা রায় সেন
* শ্রী অমিত রায় চৌধুরী
* শ্রীমতী বর্ণালী দাস বিশ্বাস
* শ্রী পঙ্কজ কান্তি চন্দ
* শ্রীমতী মীরা দাস
* শ্রী সনৎ বিশ্বাস
* মহঃ নজরুল ইসলাম
* শ্রীমতী অন্তরা মজুমদার বিশ্বাস
* শ্রীমতী ষষ্ঠী বৈরাগী
* শ্রী আশীষ মল্লিক
* শ্রী সুশান্ত রায়
* শ্রী কিশোর কুমার রায়
* শ্রীমতী রাধারানী দত্ত
* মহঃ আব্দুল মান্নান
* শ্রী প্রহ্লাদ কুমার দত্ত
* শ্রীমতী আত্রেয়ী গুহ
* শ্রী শ্যামল দাশগুপ্ত
* শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত
* শ্রীমতী দীপান্বিতা দত্ত
* শ্রী প্রকাশ রাহা
* শ্রীমতী সুতপা ব্যানার্জী
* শ্রীমতী সোমা মন্ডল

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

জিরো আওয়ারে ৯ নং ওয়ার্ডের কাউন্সিলর শ্রী সনৎ বিশ্বাস বলেন সোদপুর রোড এবং যশোহর রোডের যা অবস্থা তা অবিলম্বে সারাই না হলে এবং ফুটপাত তৈরী না হলে পূজার সময় ব্যাপক যানজট হবে। বিষয়টি সম্বন্ধে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য পৌরপ্রধানের দৃষ্টি আকর্ষন করেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন গংগানগর OLD JESSORE রোডের work order হয়ে গেছে। চেষ্টা চলছে পূজার আগে শেষ করার জন্য। যদিও কাজটা অনেক বড় বলে জানান। চৌমাথা হতে Flyover -এর পাশে বা বাদুরোডে আমাদের PWD জানিয়েছে ওরা দ্রুততার সাথে কাজ করবে।Underpass তৈরীর জন্য সোদপুর রোড ও বাদু রোড চওড়া হবে।সেই সময় চেষ্টা করা হবে বলে জানান। বাদু রোডে সমস্যা আছে এবং এছাড়া AUTO ও TOTO গাড়ীর সমস্যা আছে বলে ও জানান।

শ্রীমতী দীপান্বিতা দত্ত বলেন SC/ST/OBC শংসাপত্রের কাগজপত্র পৌরসভা হয়ে SDO অফিসে জমা পড়ে।তাঁর ওয়ার্ডের একজনের প্রায় দুবছর হয়ে গেল কিন্তু এখনও কোন খবর নেই। পৌরসভার কিছু করনীয় আছে কিনা তা জানতে চান।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন সংশ্লিষ্ট দপ্তরের সাথে কথা বলুন। তারা বলে দেবে।

শ্রী সনৎ বিশ্বাস বলেন দপ্তরে যোগাযোগ করলে কোন সদুত্তর পাওয়া যায় না। তারা বলে আমাদের কাছে যেগুলি আসে আমরা সেইগুলি দিয়ে দিই। তাদের বলেছি বিষয়টি আপনাকে বলার জন্য।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন এরকম বিষয় থাকলে সরাসরি আমার কাছে পাঠাবেন।

শ্রী অমিত রায় চৌধুরী বলেন House for All এর Survey চলছে অথচ কাউন্সিলরদের জানানো হল না কেন ?

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন মহাশয় বলেন House For All -এর Demand Survey হচ্ছে। ৩০ শে সেপ্টেম্বর পর্যন্ত চলবে। ওয়ার্ড ভিত্তিক Survey হচ্ছে । বস্তি এবং বস্তির বাইরেও survey চলছে। তিনি বলেন Format অনযায়ী কাউন্সিলররা নাগরিকদের বিভিন্ন প্রশ্নের সম্মুখীন হবেন বলে জানানো হয় নি। পুরসভার আধিকারিকদের তত্ত্বাবধানে Agency survey -র কাজ করছে।Survey শেষ হলে দ্রুত SUDA -র দপ্তরে survey report পাঠানোর ব্যবস্থা নেওয়া হবে।

শ্রী সনৎ বিশ্বাস বলেন বাড়ী বাড়ী survey হচ্ছে না।রাজনৈতিক দলের কর্মীর মাধ্যমে একজায়গায় বসে form fill up চলছে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন agency মারফৎ মহিলাদের দিয়ে survey র কাজ চলছে। কারন মহিলারা বাড়ীতে গেলে সমস্যা কম থাকে।

শ্রীমতী মীরা দাস অভিযোগ করেন তাঁর ওয়ার্ডে কেউ কেউ অর্থ চাইছে। বলছে টাকা দিলে ঘর করে দেবে ।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন বাইরে কে কি বলছে সে ব্যাপারে বলতে পারব না তবে এখনও ঠিক হয় নি কে কত টাকা দেবে। শুধুমাত্র কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার Beneficiary যারা দেবে বলে ঠিক হয়েছে। বাকী আলোচনা চলছে। আপনারা চাইলে guideline দিয়ে দিতে পারি।

শ্রীমতী অন্তরা মজুমদার বিশ্বাস বলেন দুর্গা পূজা বিসর্জনের ব্যাপারে পৌরসভার কি ভুমিকা থাকবে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন যেমনভাবে প্রতিবছর হয় এবারও তেমন হবে। Permission দেওয়ার পর পূজাকমিটিকে জানানো হবে কোন পূজাকমিটি কোথায় বিসর্জন দেবে। বিসর্জনের জন্য যে কাজগুলো পৌরসভা করে থাকে সেগুলো এবারও করবে এবং পৌরতহবিল থেকে প্রয়োজনীয় ব্যয় করা হবে বলে জানান।

শ্রীমতী আত্রেয়ী গুহ জানতে চান residential বাড়ীর পাঁচিল কত উঁচু করা যায়।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন Ground হতে ২ মিটার পর্যন্ত করা যায়।

শ্রীমতী আত্রেয়ী গুহ আরো বলেন তাঁর ওয়ার্ডে উত্তরায়ণের মুখে একটি plan পাশ হয়েছে যার নং ২৯৩। পাশের বাড়ীর objection থাকা সত্ত্বেও কিভাবে পাশ হল তা জানতে চান। আরো বলেন পূর্বে এ বিষয়ে বসে আলোচনা করে stop order ও দেওয়া হয়েছিল পৌরসভার পক্ষ থেকে। তিনি বিষয়টি সম্বন্ধে পৌরসভার বক্তব্য জানতে চান।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন বিষয়টি খোঁজ নিয়ে জানানো হবে।

শ্রী সুশান্ত রায় জানতে চান commercial plan এর ক্ষেত্রে পাশের বাড়ীর no objection লাগে কি? যদি লাগে তাহলে no objection ছাড়াই পাশ হল কিভাবে ? যতদূর জানা গেছে no objection অন্যের কাছ থেকে করা হয়েছে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন নিয়মানুযায়ী ছাড়া না হয়ে থাকলে পূর্বে বাড়ী হয়ে গেলে Extension করার ক্ষেত্রে পার্শ্ববর্তী বাড়ীর no objection লাগে। Plan সহ অভিযোগকারীকে যোগাযোগ করতে বলবেন। বিষয়টি গুরুত্ব দিয়ে দেখা হবে।

শ্রী শ্যামল দাশগুপ্ত বলেন পৌরসভার বিভিন্ন জায়গায় পূর্বের বিভিন্ন প্রকল্পে শিলান্যাস করা ফলকগুলি অপরিষ্কার অবস্থায় আছে। সেগুলি পরিষ্কারের জন্য পৌরপ্রধানের দৃষ্টি আকর্ষন করেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন ব্যবস্থা নেওয়া হবে।

শ্রী আশীষ মল্লিক বলেন পৌর এলাকার মধ্যে অবস্থিত সকল registered ক্লাবগুলো যাতে রাজ্য সরকারের অনুদান পায় সে ব্যাপারে পৌরসভার দেখা উচিত।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন এটা পৌরসভার বিষয় নয়। রাজ্য সরকারের বিষয়। পৌরসভায় সরকার পাঠালে পৌরসভা উদ্যোগী হবে।

জিরো আওয়ার শেষ হলে মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বিগত সভার (৩ নং) কার্য্যবিবরনী অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

সভায় উপস্থিত সকল সদস্য কোন প্রকার আপত্তি না জানানোয় বিগত সভার (৩ নং) কার্য্যবিবরনী অপরিবর্তিত অবস্থায় গৃহীত ও অনুমোদিত হল।

(২) পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

(ক) মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী প্রকাশ রাহা মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত N.I.T. গুলি Fund সহ অনুমোদিত হলঃ-

(i) MM/Chair/891/2015-16, Sl. No. 1, Fund : OWN, Amount : Rs. 7410.00

(ii) MM/Chair/929/1/2015-16,dt. 12.06.15, Sl. No. 1, Fund : OWN, Amount : Rs. 22932.00

(iii) MM/Chair/1093/1/2015-16,dt. 06.07.15, Sl. No. 1, Fund : OWN, Amount : Rs. 20400.00

(iv) MM/Chair/1323/2015-16,dt.03.08.15,Sl. No. 1,
Fund : Councillors,W-5-Rs. 50000.00 & CDF,W-5-29398.00

(v) MM/Chair/1323/2015-16,dt.03.08.15,Sl. No. 2, Fund : Councillors,W-5-Rs. 102894.00

(vi) MM/Chair/1041/1/2015-16,dt. 26.06.15, Sl. No. 1, Fund : OWN, Amount : Rs. 125022.00

(vii) MM/Chair/1592/2015-16,dt. 12.08.15, Sl. No. 1,
Fund : Donation(R. No. 6875,dt.01/07/15), Amount : Rs. 497750.00

(viii) MM/Chair/1592/2015-16,dt. 12.08.15, Sl. No. 2,
Fund : Donation(R. No. 6876,dt.01/07/15), Amount : Rs. 499750.00

(ix) MM/Chair/1755/2015-16,dt. 04.09.15, Sl. No. 1,
Fund : 13th Finance (ADP 15 - 16), Amount : Rs. 167252.00

(x) MM/Chair/1755/2015-16,dt. 04.09.15, Sl. No. 2,
Fund : 13th Finance (ADP 15 - 16), Amount : Rs. 42889.00

(xi) MM/Chair/1755/2015-16,dt. 04.09.15, Sl. No. 3,
Fund : Councillor, W - 1 : Rs. 49140.00

(xii) MM/Chair/1754/1/2015-16,dt. 04.09.15, Sl. No. 1,
Fund : 13th Finance (ADP 15 - 16), Amount : Rs. 499787.00

(xiii) MM/Chair/1754/1/2015-16,dt. 04.09.15, Sl. No. 2,
Fund : 13th Finance (ADP 15 - 16), Amount : Rs. 66161.00

(xiv) MM/Chair/1754/1/2015-16,dt. 04.09.15, Sl. No. 3,
Fund : 13th Finance (ADP 15 - 16), Amount : Rs. 153995.00

(xv) MM/Chair/1754/1/2015-16,dt. 04.09.15, Sl. No. 4,
Fund : 13th Finance (ADP 15 - 16), Amount : Rs. 399329.00

(xvi) MM/Chair/1754/1/2015-16,dt. 04.09.15, Sl. No. 5,
Fund :BEUP, Amount : Rs. 250000.00

(খ) পৌরএলাকার যে কোন ধরনের Construction এর নক্সা তৈরীর ক্ষেত্রে LBS/Structural Engineer/Geo technical Engineer দের Enlistment করা হবে। এ ব্যাপারে শিক্ষাগত যোগ্যতা সহ আনুষাঙ্গিক শংসাপত্র চেয়ে বিজ্ঞাপন দেওয়া হবে। আবেদনপত্র যাচাই করে interview এর মাধ্যমে enlistment এর তালিকা করা হবে।

(গ) পৌরএলাকায় উন্নয়নে যে কোন ধরনের (PWD দপ্তর) কাজের ক্ষেত্রে contractor দের enlistment করা হবে।বিভিন্ন category তে enlistment করা হবে। এ ব্যাপারে পৌরসভার পক্ষ থেকে খবরের কাগজে বিজ্ঞাপন দিয়ে আবেদনপত্র গ্রহণ করা হবে।

(ঘ) ADP -র বরাদ্দে যে সমস্ত কাউন্সিলর এখনও ওয়ার্ড কমিটির কার্য্যবিবরনী সহ scheme জমা দেন নি তাঁদের দ্রুত জমা দিতে হবে।

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ

মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী প্রল্হাদ দত্ত মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ

(১) আগামী ১০ই অক্টোবর ২০১৫ হতে ৩১ শে মার্চ ২০১৬, ৬ মাসের জন্য পাইপ লাইন রিপেয়ারিং, মেইনটেন্যান্স, রাস্তা পুনঃসংস্কার, ওয়াশ আউট , চাতাল নির্মান, Pump Repairing, মেইনটেন্যান্স , Pump, কলাম পাইপ ক্রয় ও কিছু বাড়ির লাইন স্থানান্তর সহ পাইপ লাইন নির্মান তথা কিছু পাইপ লাইন রিপেয়ার বাবদ কাজের Tender No. MM/WS/Chair/NIT/1898/2015-2016 dt. 28/09/2015 অনুমোদিত হলো।

(২) ওয়ার্ডের বৈদ্যুতিক কাজ করার প্রয়োজনীয় বৈদ্যুতিক সরঞ্জাম তিন রকম তার, রোটারি হোল্ডার এবং স্টার্টার ক্রয় বাবদ Tender No. MM/EL/Chair/NIT/1686/15-16, dt. 27/08/2015 অনুমোদিত হল, যা Pro poor own (2015 - 2016) Fund থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(৩) মধ্যমগ্রাম পৌরসভার ২৮টি ওয়ার্ডের পার্কের প্রথম পর্য্যায়ে ৬৫ টি ত্রিফলা পোলের মাধ্যমে আলোকিতকরনের উদ্দেশ্যে Tender No. MM/EL/Chair/NIT/1815/15 - 16, dt. 16/09/15 তে ১৯৫০০০.০০ টাকা অনুমোদিত হল, যা OWN Source ADP (15 - 16) থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(৪) সোদপুর রোডে আলোকস্তম্ভগুলি রং করার প্রয়োজনীয়তার জন্য একটি Tender এর কাজ আহ্বান করা হয়েছে। যার Tender No. MM/EL/Chair/NIT/1816/15-16, dt. 16/09/2015 তে ৩৯৯০৫.০০ টাকা অনুমোদিত হল, যা ADP (15 - 16) OWN Source Fund থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(৫) ওয়ার্ডের কমিউনিটি সেন্টারের ব্যবহৃত বৈদ্যুতিক বিল ওয়ার্ড কমিটি মারফৎ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হল।

(৬) যশোহর রোডের পরিসর বৃদ্ধির কারনে (ক) মধ্যমগ্রাম চৌমাথা (খ) বি.টি. কলেজ মোড় ও (গ) মাইকেল নগর অবস্থিত ১৬ মিটার হাইমাস্ট গুলি স্থানান্তর করিবার ব্যয় পৌরতহবিল থেকে করার সিদ্ধান্ত গৃহীত হল।

(৭) সাঝিরহাট বৈদ্যুতিক চুল্লীটি পুনঃনবীকরনের Work Order টি বাতিলের জন্য চরমপত্র দেওয়ার ৭ দিনের মধ্যে একটি উত্তর পাওয়া গেছে। ঐ কাজে নিযুক্ত Agency Patra Electrical Pvt. Ltd. আরও ৩ (তিন) মাস সময় চেয়েছে। এর পরিপ্রেক্ষিতে তারিখ-০৮.০৯.২০১৫ তে পৌরকর্তৃপক্ষ আগামী ১(এক) মাস সময়ের মধ্যে কাজটি সম্পন্ন করার চিঠি প্রেরণ করেছে এবং জানানো হয়েছিল কাজ শুরু না করলে Work Order টি সহ Earnest Money বাতিল বলে গ্রাহ্য হবে।কিন্তু ২০ দিন অতিবাহিত হওয়ার পরেও Patra Electrical Pvt. Ltd. কর্তৃক বাকি কাজটি শুরুই করা হয় নি বা কোনরকম যোগাযোগও করেনি।

এমতাবস্থায় পৌরসভার প্রেরিত চিঠি অনুযায়ী আরও ১০দিন অপেক্ষার পর অসম্পূর্ন কাজগুলি কয়েকটি গ্রুপে ভাগ করে পুনরায় টেন্ডারের মাধ্যমে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হল।

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী নিমাই চন্দ্র ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী দুর্গাপূজার আগে সমগ পৌরএলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রত্যেক ওয়ার্ডে ৭০ জন করে শ্রমিক বরাদ্দ করা হল। এছাড়াও প্রত্যেক ওয়ার্ডে ৪ বস্তা করে ব্লিচিং পাউডার এবং ৮ বস্তা করে চুন দেওয়া হবে। এলাকা পরিচ্ছন্ন রাখার জন্য। প্রয়োজন ভিত্তিতে দপ্তরগতভাবে সোদপুর রোড, বাদু রোড, যশোহর রোডের (নতুন ও পুরানো) দুইধার পরিষ্কার করা হবে।

(৫) কর্মচারীদের বোনাস , অনুদান ও অগ্রিম সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ

(ক) সরকারী আদেশনামা 300/MA/O/C - 9/2L - 2/2015 , dt. 18/09/15 অনুযায়ী সকল স্থায়ী ও অস্থায়ী কর্মীদের বোনাস দেওয়া হবে।

(খ) সরকারী আদেশনামা 301/MA/O/C - 9/2L - 3/2015 , dt. 18/09/15 অনুযায়ী সকল অবসরপ্রাপ্ত পৌর কর্মীদের বোনাস দেওয়া হবে।

(গ) পৌরসভার স্থায়ী কর্মচারীদের ব্যাক্তিগত আবেদনের ভিত্তিতে সর্বাধিক ৪০০০.০০ (চার হাজার) টাকা পর্যন্ত Special Loan দেওয়া হবে যাহা ধারাবাহিক ৮টি কিস্তিতে পরিশোধ হইবে।

(ঘ) পৌরসভার কমিশন ভিত্তিক কর আদায়কারীদের প্রত্যেককে পূজা বাবদ ৩২০০.০০ টাকা করে অনুদান দেওয়া হবে।

(ঙ) চুক্তির ভিত্তিতে নিয়োজিত Electric Mistry এবং Tubewell Mistry এবং IPP VIII Sub Centre এ কর্মরত অস্থায়ী sweeper দের এবং Computer / Telephone পরিষ্কারের কাজে যুক্ত প্রত্যেককে ১০০০.০০ টাকা করে পূজা বাবদ অনুদান দেওয়া হবে।

(চ) পৌরসভার বৈদ্যুতিক চুল্লী (শ্মশান) -র reporter কে পূজা বাবদ ১৫০০.০০ টাকা করে অনুদান দেওয়া হবে।

(৬) কমার্শিয়াল বিল্ডিং প্ল্যান অনুমোদন বিষয়কঃ

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত কমার্শিয়াল বিল্ডিং প্ল্যানগুলি অনুমোদিত হলঃ

৬৫৬, ৬০২, ১৭৫১, ৬২৬, ৭১৯, ১৯৮৪, ২১৩৬, ৬৭৮, ২৯২, ৪০১, ২৭৬,
২৫৮, ৩৯৮, ৬৮১, ৭০৮, ৬৯২, ১৯২৮, ৬৪০, ৩৭৩, ৩৯০

(৭) বিবিধঃ

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ

(১) বর্ষার সময় পৌরএলাকার বিভিন্ন হাইড্রেন পরিষ্কারের ফলে যে মাটি উঠেছে তাহা লরির মাধ্যমে Dumping Ground এ ফেলার জন্য আব্দুল গনি মোল্লাকে ৪৫০০০.০০ টাকা দেওয়া হবে যাহা পৌরতহবিল থেকে ব্যয় করা হবে।

(২) পৌরসভার পক্ষ থেকে পৌরএলাকায় বসবাসকারী ২০১৫ সালের মাধ্যমিক / উচ্চ মাধ্যমিক অথবা সমতুল পরীক্ষায় কৃতী ছাত্রছাত্রীদের সম্বর্ধনা দেওয়ার জন্য যে অর্থ ব্যয় হয়েছে তাহা অনুমোদিত হল।

(৩) বিশ্বকর্মা পূজা উপলক্ষে পূজা কমিটির সম্পাদকের আবেদন অনুযায়ী যে ৭৫০০০.০০ টাকা পৌরতহবিল হতে পূজা কমিটিকে দেওয়া হয়েছে তাহা অনুমোদিত হল।

(৪) অস্থায়ী যে সমস্ত কর্মীদের আবেদনের ভিত্তিতে ৫০০০.০০ টাকা অগ্রিম দেওয়া হতো তাদের ১০০০০.০০ টাকা এবং যাদের ১০০০০.০০ টাকা অগ্রিম দেওয়া হতো তাদের ১৫০০০.০০ টাকা অগ্রিম দেওয়া হবে, পূর্বের সমস্ত নিয়মাবলী বহাল থাকবে।

(৫) পৌরসভা পরিচালিত নেতাজী সুভাষচন্দ্র বসু স্পেশালাইজড হাসপাতাল এন্ড রিসার্চ সেন্টারের প্রয়োজনে নিম্নলিখিত যে পাঁচজনকে চুক্তির ভিত্তিতে নিয়োগ করা হয়েছে তাহা অনুমোদিত হল। মাসিক পারিশ্রমিক পৌরতহবিল হতে ব্যয় করা হবে।

| ক্রমিক সংখ্যা | নাম | পদ | মাসিক পারিশ্রমিক (Consolidated) |
|---|---|---|---|
| ১ | নিলীমা পাল | G.N.M. | ১০০০০/- |
| ২ | নিশীতা পাল | Trained Nurse | ৬৬৫৬/- |
| ৩ | মঞ্জুরা মন্ডল | Trained Nurse | ৬৬৫৬/- |
| ৪ | মকিমুর রহমান | X-Ray Technician | ৬৬৫৬/- |
| ৫ | মিতা বিশ্বাস | Sweeper | ৬০৫৮/- |

(৬) HAU - III তে sweeper পদে কর্মরত সুভাষ রায়ের প্রয়াণে তার স্থানে তার পুত্র সঞ্জয় রায়কে sweeper পদে অস্থায়ীভাবে নিয়োগ করা হবে। মাসিক পারিশ্রমিক ২৭৫০/- (Consolidated) টাকা পৌরতহবিল হতে ব্যয় করা হবে।

(৭) সরকারী আদেশনামা 1154/MA/C-10/3S-30/2012, dt. 09.12.2013 অনুযায়ী Honorary Health Worker যাদের বয়স ৬০ বৎসর অতিক্রম করেছে তারা অবসর নেওয়ায় তাদের জায়গায় বিভিন্ন সময়ে যে ২৮ জন Honorary Health Worker নিয়োগ করা হয়েছে তাহা অনুমোদিত হল। উক্ত ২৮ জন Honorary Health Worker দের Administrative & Financial approval এর জন্য Director, SUDA -র কাছে প্রয়োজনীয় কাগজপত্র পাঠানো হবে। এ বিষয়ে উল্লেখ থাকে সাময়িকভাবে যতদিন না তাদের approval হচ্ছে ততদিন তাদের পারিশ্রমিক পৌরতহবিল হতে দেওয়া হবে।

(৮) গত ১৮.০৭.২০১৪ তারিখে নিম্নলিখিত যে পাঁচজন স্থায়ী পদে কাজে যোগদান করেছিলেন তাঁরা ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে এক বৎসরের অধিক কাজ করায় তাদেরকে স্থায়ীভাবে নিয়োগ করার (Substantively apointed) ও অনুমোদন (Confirmation) করার সিদ্ধান্ত গৃহীত হল।

পাঁচজন কর্মীর নাম ও পদ নিম্নে দেওয়া হলঃ-

১। নরেন দাস, পিতা - স্বর্গীয় রবীন দাস - নাইট গার্ড কাম পিওন
২। বিষ্ণু পদ দাস, পিতা - স্বর্গীয় পূর্ণচন্দ্র দাস - মজদুর
৩। সুজিত মল্লিক, পিতা - স্বর্গীয় গোপাল মল্লিক - মজদুর
৪। পিন্টু তালুকদার, পিতা - স্বর্গীয় হরিমোহন তালুকদার - পিওন
৫। শেখ সাইফুদ্দিন, পিতা - স্বর্গীয় শেখ মসিরুদ্দিন - মজদুর

(৯) দরপত্র আহ্বান করে নিম্নলিখিত order এর মাধ্যমে যে সমস্ত দ্রব্য ক্রয় করা হয়েছিল তাহা অনুমোদিত হল এবং প্রয়োজনীয় অর্থ পৌরসভার নিজস্ব তহবিল থেকে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হলঃ-

| | | |
|---|---|---|
| (i) | MM/2235/Electric/08/2015-16, dt. 31/08/15 | Amount : 460110.00 |
| (ii) | MM/2236/Electric/09/2015-16, dt. 31/08/15 | Amount : 53000.00 |
| (iii) | MM/2237/Electric/10/2015-16, dt. 31/08/15 | Amount : 104300.00 |
| (iv) | MM/2238/Electric/11/2015-16, dt. 02/09/15 | Amount : 456000.00 |
| (v) | MM/2239/Electric/12/2015-16, dt. 02/09/15 | Amount : 69500.00 |
| (vi) | MM/2246/Printing/13/2015-16, dt. 11/09/15 | Amount : 90250.00 |
| (vii) | MM/2247/Stationary/36/2015-16, dt. 11/09/15 | Amount : 59000.00 |
| (viii) | MM/2250/Conservancy/11/2015-16, dt. 14/09/15 | Amount : 87500.00 |
| (ix) | MM/2251/Conservancy/12/2015-16, dt. 14/09/15 | Amount : 160000.00 |
| (x) | MM/2252/Homeo Medicine/01/2015-16, dt. 16/09/15 | Amount : 121585.00 |
| (xi) | MM/2253/Office Stationary/37/2015-16, dt. 17/09/15 | Amount : 35400.00 |

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

ধন্যবাদান্তে,

পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ______________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং ________
এর নিকট প্রেরিত হল।

কার্য্য নির্বাহী আধিকারিক
মধ্যমগ্রাম পৌরসভা
উত্তর ২৪ পরগণা